কৃষিই সমৃদ্ধি

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কৃষি মন্ত্রণালয়, বীজ অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়
www.moa.gov.bd

**স্মারক নং-১২.০০.০০০০.০৯৭.০২.০০৩.১৯.৯৫৩** **তারিখ :** ১১ আশ্বিন ১৪২৬ / ২৬ সেপ্টেম্বর ২০১৯

**বিষয় : জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ১০০তম সভার কার্যবিবরণী প্রেরণ।**

জাতীয় বীজ বোর্ডের সভাপতি ও কৃষি মন্ত্রণালয়ের সচিব জনাব মো: নাসিরুজ্জামান মহোদয়ের সভাপতিত্বে ১৯-০৯-২০১৯ তারিখে অনুষ্ঠিত জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ১০০তম সভার কার্যবিবরণী অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

**সংযুক্তি :** ক) ১০০তম সভার কার্যবিবরণী (**মন্ত্রণালয়ের ওয়েবসাইট ও সংশ্লিষ্ট ই-মেইলে প্রেরণ করা হয়েছে**)।
খ) উপস্থিতির তালিকা পরিশিষ্ট ‘ক’।

**(মো: আজিম উদ্দিন)**
প্রধান বীজতত্ত্ববিদ
ফোন : ৯৫৪০২৩৮
E-mail: azimseed@gmail.com

**কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০;
২. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা-১২১৫;
৩. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
৪. অতিরিক্ত সচিব, (ব্যয় ব্যবস্থাপনা), অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়;
৫. সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা;
৬. মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর-১৭০১;
৭. মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর-১৭০১;
৮. মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিক মিয়া এভিনিউ, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭;
৯. মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, বাকৃবি চত্বর, ময়মনসিংহ-২২০০;
১০. মহাপরিচালক, বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা-৬৬২০;
১১. মহাপরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি, গণকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯;
১২. নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৩. পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি, জয়দেবপুর, গাজীপুর-১৭০১;
১৪. পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৫. পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ডিএই, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৬. ড. মো. ফেরদৌস মন্ডল, প্রফেসর ও বিভাগীয় প্রধান, সীড সাইন্স এন্ড টেকনোলজি, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ-২২০২;
১৭. জনাব মো: নুরুজ্জামান, সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) অব., বিএডিসি, ৩২ লেক সার্কাস, ফ্ল্যাট ক্লাউডিয়াস বি-৪, এনা কিংডম, কলাবাগান, ঢাকা, বীজ বিশেষজ্ঞ;
১৮. কৃষিবিদ জনাব মো: মাসুম, চেয়ারম্যান, সুপ্রীম সীড কোম্পানি, বাড়ী নং-১০, সেক্টর-১৩, গরীবে নেওয়াজ এভিনিউ, উত্তরা, ঢাকা;
১৯. জনাব আলহাজ্ব মো: মোতাহার হোসেন মোল্লা, কাপাসিয়া, গাজীপুর, কৃষক প্রতিনিধি;
২০. জনাব তালুকদার মো: ইউনুস, বড় কসবা, টরকী বন্দর, মিউনিসিপ্যালিটি, আগৈলঝারা, কৃষক প্রতিনিধি;
২১. ড. মো: নজমুল হুদা, সভাপতি, বাংলাদেশ সোসাইটি অব সীড টেকনোলজি, বশেমুরকৃবি, গাজীপুর;
২২. ড. মো: খায়রুল বাশার, সভাপতি বাংলাদেশ উদ্ভিদ প্রজনন ও কৌলিতত্ত্ব সমিতি, বশেমুরকৃবি, গাজীপুর;
২৩ জনাব এম আনিস উদ দৌলা, সভাপতি, বাংলাদেশ সীড এসোসিয়েশন, ১৪৫ সিদ্দিক বাজার, ঢাকা ও চেয়ারম্যান, এসিআই লি:;

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৩। সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৪। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, কৃষি মন্ত্রণালয়, ঢাকা (**কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ**);
০৫। অতিরিক্ত সচিব (গবেষণা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৬। মহাপরিচালক, বীজ অনুবিভাগ ও সচিব, জাতীয় বীজ বোর্ড মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়;
০৭। অফিস কপি/মাস্টার ফাইল।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কৃষি মন্ত্রণালয়, বীজ অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moa.gov.bd

**কৃষিই সমৃদ্ধি**

# জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ১০০তম সভার কার্যবিবরণী

**সভাপতি** : মো. নাসিরুজ্জামান, সচিব, কৃষি মন্ত্রণালয়
**সভার তারিখ** : ১৯ সেপ্টেম্বর ২০১৯
**সময়** : বেলা ০২.৩০টা
**স্থান** : কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
**উপস্থিতি** : পরিশিষ্ট-'ক'

সভাপতি সকলকে শুভেচ্ছা ও জাতীয় বীজ বোর্ডের শততম সভায় স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য প্রধান বীজতত্ত্ববিদ, জনাব মো: আজিম উদ্দিনকে আহবান জানালে তিনি সভায় আলোচ্য বিষয়সমূহ ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

**আলোচ্য বিষয় ১। জাতীয় বীজ বোর্ডের ৯৯তম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।**

**আলোচনা :** জাতীয় বীজ বোর্ডের (এনএসবি) ৯৯-তম সভা ১৯/০৬/২০১৯ তারিখে কৃষি মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী ২৩/০৬/২০১৯ তারিখে ১২.০০.০০০০.০৯৭.০২.০০২.১৬.৫৫৪ নম্বর স্মারকের মাধ্যমে বোর্ডের সকল সদস্যের নিকট পাঠানো হয়। অদ্যাবধি এ ব্যাপারে কোনো মতামত পাওয়া যায়নি বিধায় উক্ত সভার কার্যবিবরণী নিশ্চিত করা যেতে পারে।

**সিদ্ধান্ত :** জাতীয় বীজ বোর্ডের ৯৯তম সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো।

**আলোচ্য বিষয় ২। পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা।**

| বিষয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন ও অগ্রগতি |
|---|---|---|
| **(২.১) ইক্ষুর জাত অবমুক্তির মাঠ মূল্যায়ন ফরম সংশোধন** | কারিগরি কমিটি বিশেষজ্ঞদের নিয়ে একটি উপকমিটি গঠন করে ইক্ষুর জাত ছাড়করণ পদ্ধতির খসড়া গাইডলাইন আগামী ৩ (তিন) মাসের মধ্যে জাতীয় বীজ বোর্ডে অনুমোদনের জন্য প্রেরণ করবে। | **আলোচনা :** খসড়া গাইডলাইন প্রণয়ন করা হয়েছে। গাইডলাইনটির প্রমিত বানান ও অন্যান্য কারিগরি তথ্য যাচাইয়ের জন্য পরিচালক (গবেষণা), বিএসআরআই ও মো: শাহজাহান আলী, উপদেষ্টা, বিএসএকে দায়িত্ব দেয়া হয়েছে; যা পরবর্তী কারিগরি কমিটির সভায় উপস্থাপন করবে।<br>**সিদ্ধান্ত :** কারিগরি কমিটির সুপারিশ অনুযায়ী পরবর্তী সভায় সিদ্ধান্ত নেয়া হবে। |
| **(২.২) হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধীকরণের পদ্ধতি পর্যালোচনা** | হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধীকরণের পদ্ধতির খসড়া প্রণয়নের সময় আরো ১ (এক) মাস বৃদ্ধি করা হলো। | **আলোচনা :** সভায় পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধীকরণের পদ্ধতির খসড়া উপস্থাপন করেন। প্রস্তাবনার উপর উপস্থিত সদস্যবৃন্দ বিস্তারিত আলোচনা করেন।<br>**সিদ্ধান্ত :** ১। হাইব্রিড ধানের জাত মূল্যায়নের জন্য হাইব্রিড জাতকে চেকজাত হিসাবে ব্যবহার করতে হবে। চেকজাতের সাথে প্রস্তাবিত জাতের ট্রায়ালে ৫% এর বেশী ফলন হলে তা নিবন্ধনের জন্য প্রস্তাব করতে হবে।<br>২। হাইব্রিড ধানের জাত মূল্যায়ন কার্যক্রমে বোরো মৌসুমে ব্রি হাইব্রিড-৫ এবং আমন মৌসুমে ব্রি হাইব্রিড-৬ চেকজাত হিসাবে ব্যবহার করতে হবে।<br>৩। হাইব্রিড ধানের জাত নিবন্ধনের ২য় বছর থেকে জাত নিবন্ধনপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহকে স্থানীয়ভাবে বীজ উৎপাদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪। নিবন্ধিত হাইব্রিড ধানের জাতের সর্বোচ্চ ১৫মে.টন প্যারেন্ট বীজ আমদানি অব্যহত থাকবে। |

| | | |
|---|---|---|
| **(২.৩) সিড ভিশন তৈরির জন্য নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি কে আহ্বায়ক করে কমিটি গঠন** | কমিটি আগামী ২০৩০ সাল পর্যন্ত বীজ উৎপাদন, চাহিদা ও সরবরাহের একটি প্রতিবেদন তৈরি করে জাতীয় বীজ বোর্ডের সভায় উপস্থাপন করবে। | **আলোচনা :**নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি সভায় জানান আগামী ২০৩০ সাল পর্যন্ত বীজ উৎপাদন, চাহিদা ও সরবরাহের বিষয়ে সিড ভিশন প্রণয়নের অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করবে।<br><br>**সিদ্ধান্ত :** বাস্তবসম্মতভাবে সিড ভিশন প্রণয়ন করে আগামী বীজ বোর্ডের সভায় উপস্থাপন করতে হবে। |

**আলোচ্য বিষয় ৩।বাংলাদেশ কৃষিবিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ কর্তৃক উদ্ভাবিত বোরো ধানের ০১টি জাত ছাড়করণ।**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| **IR91820-25BAY2-3-1(প্রস্তাবিত বাউধান-৩):**বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ এর বর্ণনামতে প্রস্তাবিত কৌলিক সারিটি ইরি, ফিলিপাইন হতে সংগ্রহ করা হয়েছে। এ জাতের জীবনকাল ১৪০-১৪৫ দিন। ১০০০ টি পুষ্ট ধানের ওজন প্রায় ২৫ গ্রাম। এ জাতের বৈশিষ্ট্য হল ধান ঝড়ে পড়ে না। প্রস্তাবিত বাউ ধান-৩ এর জীবনকাল ব্রি ধান ২৮ এর চাইতে ৪-৫ দিন বেশী এবং উপযুক্ত পরিচর্যা পেলে সর্বোচ্চ ৮ টন/হেঃ ফলন পাওয়া যায় । গড় ফলন ৭.১২ মে.টন/হেক্টর।<br><br>উক্ত জাতটি ২০১৮-১৯ বোরো মৌসুমে ঢাকা, রাজশাহী, রংপুর, চট্টগ্রাম, যশোর, কুমিল্লা, সিলেট, বরিশাল, বগুড়া ও ময়মনসিংহের ১০টি কৃষি অঞ্চলের ১০টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। বীজ প্রত্যয়ন এজেন্সির কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস টেষ্ট সম্পাদন করা হয়েছে। প্রস্তাবিত জাতটিতে Flag leaf : attitude of blade, Panicle: exertion, Grain: wt of 1000 fully developed grains, Grain length (without dehulling), Polished grain: size of white core or chalkiness মোট ৫টি বৈশিষ্ট্যে চেকজাত ব্রি ধান-২৮ থেকে স্বতন্ত্রতা পাওয়া গিয়েছে।<br><br>বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ কর্তৃক প্রস্তাবিত ধানের কৌলিক সারি **IR91820-25BAY2-3-1 বাউ ধান-৩** হিসেবে বোরো মৌসুমে সারাদেশে চাষাবাদের নিমিত্ত ছাড়করণের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে। | ১। কারিগরি কমিটির সুপারিশকৃত ধানের **IR91820-25BAY2-3-1** কৌলিক সারিটি বাউধান-৩ হিসাবে বোরো মৌসুমে সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের অনুমোদন দেয়া হলো।<br>২। দীর্ঘদিন পর বাকৃবি হতে ব্রি ধান-২৮ এর চেয়ে ফলন বেশী ও সমবৈশিষ্ট্যসম্পন্ন একটি জাত বোরো মৌসুমে আবাদের জন্য উদ্ভাবন করায় বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরসহ সংশ্লিষ্ট সকলকে বীজ বোর্ডের সভায় অভিনন্দন জানানো হয়।<br>৩। বিশ্ববিদ্যালয় হতে ধান ও অন্যান্য ফসলের জাত উদ্ভাবনের নিমিত্ত আরো অধিক গবেষণা করা প্রয়োজন। |

**আলোচ্য বিষয় ৪। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর ৩টি কৌলিক সারি (ক) BR-SF (Rang)-PL1- B(খ) BR-RS (Raj)-PL4-Bও (গ) BR8210-10-3-1-2যথাক্রমে ব্রি ধান-৯৩, ব্রি ধান-৯৪ ও ব্রি ধান-৯৫ হিসেবে আমন মৌসুমের জন্য ছাড়করণ।**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| ক) BR-SF (Rang)-PL1-B (প্রস্তাবিত ব্রি ধান-৯৩): ব্রি এর বর্ণনামতে প্রস্তাবিত কৌলিক সারিটি বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি)কর্তৃক বিশুদ্ধ কৌলিক সারি সিলেকশন (Pure-line Selection) এর মাধ্যমে উদ্ভাবন করা হয়। এ জাতের জীবনকাল ১৩৭ দিন। ১০০০ টি পুষ্ট ধানের ওজন প্রায় ১৮.৯৫ গ্রাম। ট্রায়ালে প্রস্তাবিত জাতটির গড় ফলন ৫.৯১মে.টন/হেক্টর এবং জীবনকাল ১৩৪ দিন এবং চেকজাত ব্রি ধান-৪৯ এর গড় ফলন ৪.৯৬ মে.টন/হে. জীবনকাল১৩০ দিন । এ জাতের প্রধান বৈশিষ্ট্য হল ধানের দানার রং ঈষৎ লালচে। এ ধান ভারতীয় স্বর্ণা ধানের পরিবর্তে বিকল্প হিসেবে চাষযোগ্য।<br><br>বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) কর্তৃক প্রস্তাবিত ধানের কৌলিক সারি BR-SF (Rang)-PL1-B ব্রি ধান-৯৩ হিসাবে সারাদেশে চাষাবাদের নিমিত্ত ছাড়করণের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে। | (১) কারিগরি কমিটির সুপারিশকৃত ধানের BR-SF (Rang)-PL1-B কৌলিক সারিটি ব্রি ধান-৯৩ হিসাবে আমন মৌসুমে সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের অনুমোদন দেয়া হলো। |
| খ) BR-RS (Raj)-PL4-B (প্রস্তাবিত ব্রি ধান-৯৪): ব্রি এর বর্ণনামতে প্রস্তাবিত কৌলিক সারিটি ব্রি কর্তৃক বিশুদ্ধ কৌলিক সারি সিলেকশন এর মাধ্যমে উদ্ভাবন করা হয়। এ জাতের জীবনকাল ১৩৪ দিন এবং গড় ফলন ৫.৮৯ মে.টন/হে.এবং চেকজাত ব্রি ধান-৪৯ এর জীবনকাল ১৩০ দিন এবং গড় ফলন ৫.০৬ মে.টন/হে.। ১০০০ টি পুষ্ট ধানের ওজন প্রায় ১৮.৬ গ্রাম। এ জাতের অন্যতম বৈশিষ্ট্য হলো ডিগ পাতা অর্ধখাড়া ও লম্বা।<br><br>বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) কর্তৃক প্রস্তাবিত ধানের কৌলিক সারি BR-RS (Raj)-PL4-B ব্রি ধান-৯৪ হিসেবে রংপুর, দিনাজপুর ও রাজশাহী এলাকায় চাষাবাদের নিমিত্ত ছাড়করণের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে। | (২)কারিগরি কমিটির সুপারিশকৃত ধানের BR-RS (Raj)-PL4-B কৌলিক সারিটি ব্রি ধান-৯৪ হিসাবে আমন মৌসুমে রংপুর, দিনাজপুর ও রাজশাহী এলাকায় চাষাবাদের জন্য ছাড়করণের অনুমোদন দেয়া হলো। |
| গ) BR8210-10-3-1-2 (ব্রি ধান-৯৫): ব্রি এর বর্ণনামতে প্রস্তাবিত কৌলিক সারিটি কৃষকের মাঠে আবাদযোগ্য লাল স্বর্ণা এবং Barisail/PSBRC2 এর F1 এর সাথে Three way cross করে বংশানুক্রম সিলেকশনের (Pedigree selection) মাধ্যমে উদ্ভাবিত। এ জাতের অন্যতম বৈশিষ্ট্য হল দানার রং উজ্জল লাল। এ জাতের জীবনকাল ১২৫-১৩০ দিন। ১০০০টি পুষ্ট ধানের ওজন প্রায় ২১.৫ গ্রাম। এই জাতের জীবনকাল ব্রি ধান-৪৯ এর চেয়ে ৭ দিন কম। জাতটির গড় ফলন ৫.৬২ মে.টন/হে. এবং চেকজাত ব্রি ধান-৪৯ এর গড় ফলন ৪.৯৬ মে.টন/হে.।<br><br>বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) কর্তৃক প্রস্তাবিত ধানের কৌলিক সারি BR8210-10-3-1-2 ব্রি ধান-৯৫ হিসেবে সারাদেশে চাষাবাদের নিমিত্ত ছাড়করণের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে। | (৩) কারিগরি কমিটির সুপারিশকৃত ধানের BR8210-10-3-1-2 কৌলিক সারিটি ব্রি ধান-৯৫ হিসাবে আমন মৌসুমে সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের অনুমোদন দেয়া হলো। |

**আলোচ্য বিষয় ৫: বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) এর প্রস্তাবিত আমন মৌসুমে চাষাবাদের জন্য RC-251 লাইনকে বিনা ধান-২৩ হিসেবে ছাড়করণ।**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) এর বর্ণনামতে প্রস্তাবিত বিনা ধান-২৩ এর মাতৃজাত IR11T183। কৌলিক সারিটি ইরি-ফিলিপাইন হতে সংগ্রহ করা হয়। জাতটি ৮ ডিএস/মি. মাত্রার লবণাক্ততা ও ১৫ দিন জলমগ্নতা সহ্য করতে পারে। জীবনকাল ১১৫-১২৫ দিন। ১০০০ দানার ওজন ২১.৮ গ্রাম। প্রস্তাবিত বিনা ধান-২৩ এর জীবনকাল চেকজাত ব্রি ধান-৭৮ এর হইতে ১০ দিন কম। জাতটির গড় ফলন ৫.৩মে.টন/হে. এবং চেকজাত ব্রি ধান-৭৮ এর গড় ফলন ৪.৭ মে.টন/হে.।<br><br>বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রস্তাবিত ধানের IR11T183 কৌলিক সারিটি বিনা ধান-২৩ হিসেবে সারাদেশে চাষাবাদের নিমিত্ত ছাড়করণের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে। | কারিগরি কমিটির সুপারিশকৃত ধানের IR11T183 কৌলিক সারিটি বিনা ধান-২৩ হিসাবে আমন মৌসুমে সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের অনুমোদন দেয়া হলো। |

**আলোচ্য বিষয় ৬। বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের প্রস্তাবিত আলুর ১০টি জাত ছাড়করণ :** অদ্যকার সভায় আলোচ্য বিষয়-৭ এ আলুকে অনিয়ন্ত্রিত ফসল হিসেবে ঘোষণা করা হয়েছে; তাই ভবিষ্যতে আলুর জাত ছাড়করণের প্রস্তাব বীজ বোর্ডের সভায় উপস্থাপনের প্রয়োজন নেই। যেহেতু কারিগরি কমিটি নিম্নের ছকে 'ক-ঞ' পর্যন্ত বর্ণিত ১০টি জাত ছাড়করণের সুপারিশ করেছে; তাই অদ্যকার সভায় জাতগুলো ছাড়করণের অনুমোদন দেয়া হলো।

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| **ক) প্রস্তাবিত বারি আলু-৮২ (১১.৬৮) :** কন্দাল ফসল গবেষণা কেন্দ্র, বারি কর্তৃক সিআইপি ম্যাটেরিয়াল হতে নিজস্ব উদ্ভাবিত উচ্চফলনশীল খাবার আলুর জাত (১১.৬৮)। জাতটি উচ্চফলনশীল; গড় ফলন ৪১.৩৬ মে.টন/হে; ফলন চেকজাত বারি আলু-২৫ (এ্যাসটেরিক্স)-এর চেয়ে ৯ মে.টন বেশী; জাতটির শুষ্ক পদার্থের পরিমাণ ২০.০৭%; আলুর চামড়ার রং বেগুনী; আলুর আকার ডিম্বাকৃতি থেকে লম্বা ডিম্বাকৃতি। বীজ প্রত্যয়ন এজেন্সির কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস টেষ্ট সম্পাদন করা হয়েছে এবং প্রস্তাবিত জাতটি চেকজাত বারি আলু-২৫ (এ্যাসটেরিক্স) থেকে ৭টি বৈশিষ্ট্যে স্বতন্ত্র। প্রস্তাবিত কৌলিক সারি বারি আলু-৮২ (১১.৬৮) হিসেবে সারাদেশে চাষাবাদের নিমিত্ত সারাদেশে ছাড়করণের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে। | (১) কারিগরি কমিটির সুপারিশকৃত প্রস্তাবিত আলুর কৌলিক সারি বারি আলু-৮২ (১১.৬৮) হিসেবে সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের অনুমোদন দেয়া হলো। |
| **খ) প্রস্তাবিত বারি আলু-৮৩ (Cimega):** প্রস্তাবিত জাতটি Danespo A/S, Denmark হতে মেসার্স জায়েন্ট এগ্রো প্রসেসিং লি: কর্তৃক আমদানীকৃত জাত। জাতটি কন্দাল ফসল গবেষণা কেন্দ্র, বারি কর্তৃক নির্বাচিত। জাতটি আগাম চাষ করা যায়; ৬৫ দিনে ফলন ৩০.৭৮ মে.টন/হে.; ফলন চেকজাতের চেয়ে ৮.৮৫ মে.টন বেশী; আলুর চামড়ার রং হলুদ, সুপ্তিকাল বেশী (৭০-৭৫ দিন), সাধারণ তাপমাত্রায় দুই মাসের বেশী সংরক্ষণ করা যায়; আলুর আকার ডিম্বাকৃতি; জাতটি রপ্তানি উপযোগী। বীজ প্রত্যয়ন এজেন্সির কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস টেষ্ট সম্পাদন করা হয়েছে এবং প্রস্তাবিত জাতটি চেক জাত থেকে ৫টি বৈশিষ্ট্যে স্বতন্ত্র। প্রস্তাবিত কৌলিক সারিটি বারিআলু-৮৩ (Cimega) হিসেবে সারাদেশে চাষাবাদের নিমিত্ত সারাদেশে ছাড়করণের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে। | (২) কারিগরি কমিটির সুপারিশকৃত প্রস্তাবিত আলুর কৌলিক সারি, বারি আলু-৮৩ (Cimega) হিসেবে সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের অনুমোদন দেয়া হলো। |
| **গ) প্রস্তাবিত বারি আলু-৮৪ (Memphis) :** প্রস্তাবিত জাতটি HZPC, Netherlands হতে মেসার্স ইষ্টার্ণ ট্রেড কর্পোরেশন কর্তৃক আমদানীকৃত জাত। জাতটি কন্দাল ফসল গবেষণা কেন্দ্র, বারি কর্তৃক নির্বাচিত। প্রস্তাবিত জাতটির গড় ফলন ৪৪.১১ মে.টন/হে. এবং চেকজাত বারি আলু-৭ (ডায়মন্ট) এর গড় ফলন ৩২.৩৭ মে.টন/হে.; জাতটি সাধারণ তাপমাত্রায় দুই মাস সংরক্ষণ করা যায়; আলুর চামড়ার রং লাল; আলুর আকার ডিম্বাকৃতি; জাতটিতে রোগবালাই ও পোকামাকড় এর আক্রমণ কম | (৩) কারিগরি কমিটির সুপারিশকৃত কৌলিক সারিটি বারি আলু-৮৪ (Memphis) হিসেবে সারাদেশে চাষাবাদের |

| | |
|---|---|
| হয়; সুপ্তিকাল ৬০-৬৫ দিন হওয়ায় জাতটি রপ্তানি উপযোগী। বীজ প্রত্যয়ন এজেন্সির কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস টেষ্ট সম্পাদন করা হয়েছে এবং প্রস্তাবিত জাতটি চেকজাত ডায়মন্ট থেকে ৪টি বৈশিষ্ট্যে স্বতন্ত্র প্রস্তাবিত কৌলিক সারিটি বারি আলু-৮৪ (Memphis) হিসেবে সারাদেশে চাষাবাদের নিমিত্ত সারাদেশে ছাড়করণের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে। | জন্য ছাড়করণের অনুমোদন দেয়া হলো। |
| **ঘ) প্রস্তাবিত বারি আলু-৮৫ (7 four7)** : প্রস্তাবিত জাতটি Europlant Gmbh, Germany হতে মেসার্স এগ্রিকনসার্ণ লি: কর্তৃক আমদানীকৃত জাত। জাতটি খাবার আলু হিসেবে কন্দাল ফসল গবেষণা কেন্দ্র, বারি কর্তৃক নির্বাচিত। প্রস্তাবিত জাতটির গড় ফলন ৪০.৬৪ মে.টন/হে.; চেকজাত বারি আলু-৭ (ডায়মন্ট) এর গড় ফলন ৩১.৬৩ মে.টন/হে; জাতটি আগাম চাষ করা যায়; ৬৫ দিনে ফলন ৩১.২০ মে.টন/হে.; আলুর চামড়ার রং হলুদ; আলুর আকার ডিম্বাকৃতি; বীজ প্রত্যয়ন এজেন্সির কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস টেষ্ট সম্পাদন করা হয়েছে এবং প্রস্তাবিত জাতটিতে চেক জাত থেকে ৬টি বৈশিষ্ট্যে স্বতন্ত্রতা রয়েছে । প্রস্তাবিত কৌলিক সারিটি বারিআলু-৮৫ (7 four7) হিসেবে সারাদেশে চাষাবাদের নিমিত্ত সারাদেশে ছাড়করণের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে। | (৪) কারিগরি কমিটির সুপারিশকৃত কৌলিক সারিটি বারি আলু- ৮৫ (7 four7) হিসেবে সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের অনুমোদন দেয়া হলো। |
| **ঙ) বারি আলু-৮৬(12.13)** : কন্দাল ফসল গবেষণা কেন্দ্র, বারি কর্তৃক নিজস্ব উদ্ভাবিত উচ্চ ফলনশীল খাবার আলুর জাত (১২.১৩)। জাতটির গড় ফলন ৫১.৩৪ মে.টন/হে. এবং চেকজাত বারি আলু-২৫ (এ্যাসটেরিক্স) এর গড় ফলন ৩৬.৭৭ মে.টন/হে.; জাতটি আগাম চাষ করা যায়; ৬৫ দিনে ফলন ৩৩.৬৮ মে.টন/হে.; আলুর চামড়ার রং লাল; আলুর আকার লম্বা, ডিম্বাকৃতির; সুপ্তিকাল ৮০-৮৫ দিন হওয়ায় জাতটির রপ্তানির উপযোগিতা রয়েছে; সাধারণ তাপমাত্রায় দুই মাসের বেশী সংরক্ষণ করা যায়। বীজ প্রত্যয়ন এজেন্সির কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস টেষ্ট সম্পাদন করা হয়েছে এবং প্রস্তাবিত জাতটিতে চেকজাত এসটেরিক্স থেকে ৫টি বৈশিষ্ট্যে স্বতন্ত্র। প্রস্তাবিত কৌলিক সারিটি বারি আলু-৮৬ (12.13) হিসেবে সারাদেশে চাষাবাদের নিমিত্ত সারাদেশে ছাড়করণের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে। | (৫) কারিগরি কমিটির সুপারিশকৃত কৌলিক সারি, বারি আলু- ৮৬ (12.13) হিসেবে সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের অনুমোদন দেয়া হলো। |
| **চ) প্রস্তাবিত বারি আলু-৮৭ (CIP 225)** : প্রস্তাবিত জাতটির উৎস আন্তর্জাতিক আলু গবেষণা কেন্দ্র, লিমা, পেরু। জাতটি আলুর ক্লোনিং এর মাধ্যমে নির্বাচিত। প্রস্তাবিত জাতটির গড় ফলন ৪৬.৯৭ মে.টন/হে. এবং চেকজাত বারি আলু-৭ (ডায়মন্ট)-এর গড় ফলন ৩২.১৬ মে.টন/হে; আলুর চামড়ার রং হলুদ; আলুর আকার লম্বা ডিম্বাকৃতির; সুপ্তিকাল ৭০-৮০ দিন হওয়ায় জাতটির রপ্তানির উপযোগিতা রয়েছে; সাধারণ তাপমাত্রায় দুই মাসের বেশী সংরক্ষণ করা যায়। বীজ প্রত্যয়ন এজেন্সির কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস টেষ্ট সম্পাদন করা হয়েছে এবং প্রস্তাবিত জাতটি চেক জাত ডায়মন্ট থেকে ৪টি বৈশিষ্ট্যে স্বতন্ত্র। প্রস্তাবিত কৌলিক সারিটি বারি আলু- ৮৭ (CIP 225) হিসেবে সারাদেশে চাষাবাদের নিমিত্ত সারাদেশে ছাড়করণের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে। | (৬) কারিগরি কমিটির সুপারিশকৃত কৌলিক সারি, বারি আলু-৮৭ (CIP 225) হিসেবে সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের অনুমোদন দেয়া হলো। |
| **ছ) প্রস্তাবিত বারি আলু-৮৮ (CIP 239)** : প্রস্তাবিত জাতটির উৎস আন্তর্জাতিক আলু গবেষণা কেন্দ্র, লিমা, পেরু।জাতটি আলুর ক্লোনিং এর মাধ্যমে নির্বাচিত। প্রস্তাবিত জাতটির গড় ফলন ৪৩.৬৬ মে.টন/হে. এবং চেক জাত বারি আলু-২৫ (এ্যাসটেরিক্স)-এর গড় ফলন ৩২.৩৮ মে.টন/হে.; জাতটি আগাম চাষ করা যায়; ৬৫ দিনে ফলন ৩৬.৮৫ মে.টন/হে.; আলুর চামড়ার রং লাল; আলুর আকার লম্বা ডিম্বাকৃতির; জাতটিতে পোকমাকড়ের আক্রমণ কম হয়।বীজ প্রত্যয়ন এজেন্সির কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস টেষ্ট সম্পাদন করা হয়েছে এবং প্রস্তাবিত জাতটি চেক জাত এসটেরিক্স থেকে ২টি বৈশিষ্ট্যে স্বতন্ত্র। প্রস্তাবিত কৌলিক সারিটি বারিআলু- ৮৮ (CIP 239) হিসেবে সারাদেশে চাষাবাদের নিমিত্ত সারাদেশে ছাড়করণের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে। | (৭) কারিগরি কমিটির সুপারিশকৃত কৌলিক সারি বারি আলু-৮৮ (CIP 239) হিসেবে সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের অনুমোদন দেয়া হলো। |
| **জ) প্রস্তাবিত বারি আলু-৮৯ (Fortus)** : প্রস্তাবিত জাতটি HZPC, Netherlands হতে মেসার্স ইষ্টার্ণ ট্রেড কর্পোরেশন কর্তৃক আমদানীকৃত জাত। জাতটি কন্দাল ফসল গবেষণা কেন্দ্র, বারি কর্তৃক নির্বাচিত। প্রস্তাবিত জাতটির গড় ফলন ৩৩.৭১ মে.টন/হে. এবং চেকজাত বারি আলু-৭ (ডায়মন্ট)এর গড় ফলন ৩২.১৬ মে.টন/হে.; আলুর চামড়ার রং হলুদ; আলুর আকার লম্বা ডিম্বাকৃতির; সুপ্তিকাল | (৮) কারিগরি কমিটির সুপারিশকৃত কৌলিক সারিটি বারি আলু- ৮৯ (Fortus) হিসেবে |

| | |
|---|---|
| ৭০-৭৫ দিন হওয়ায় জাতটির রপ্তানির সম্ভাবনা রয়েছে; সাধারণ তাপমাত্রায় দুই মাসের বেশী সংরক্ষণ করা যায়। বীজ প্রত্যয়ন এজেন্সির কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস টেষ্ট সম্পাদন করা হয়েছে এবং প্রস্তাবিত জাতটি চেকজাত ডায়মন্ট থেকে ৬টি বৈশিষ্ট্যে স্বতন্ত্র। প্রস্তাবিত কৌলিক সারিটি বারিআলু-৮৯ (Fortus) হিসেবে সারাদেশে চাষাবাদের নিমিত্ত সারাদেশে ছাড়করণের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে। | সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের অনুমোদন দেয়া হলো। |
| **ঝ) প্রস্তাবিত বারি আলু-৯০ (Aluettee)** : প্রস্তাবিত জাতটি AGRICO Company, Netherlands হতে মেসার্স মালিক এন্ড কোম্পানি প্রাইভেট লিমিটেড কর্তৃক আমদানীকৃত জাত। জাতটি কন্দাল ফসল গবেষণা কেন্দ্র, বারি কর্তৃক নির্বাচিত। জাতটির গড় ফলন ৩৭.০ মে.টন/হে. এবং চেকজাত বারি আলু-৭৭ (সার্পোমিরা)-এর গড় ফলন ২৭.৫ মে.টন/হে.; চেক জাতের চেয়ে ১০ মে.টন ফলন বেশী; জাতটি লেইট ব্লাইট রোগ প্রতিরোধী; আলুর চামড়ার রং লাল; আলুর আকার বড় ও ডিম্বাকৃতির; সুপ্তিকাল ৮০-৮৫ দিন হওয়ায় জাতটির রপ্তানির উপযোগিতা রয়েছে; সাধারণ তাপমাত্রায় দুই মাসের বেশী সংরক্ষণ করা যায়। বীজ প্রত্যয়ন এজেন্সির কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস টেষ্ট সম্পাদন করা হয়েছে এবং প্রস্তাবিত জাতটি চেকজাত এসটেরিক্স থেকে ৭টি বৈশিষ্ট্যে স্বতন্ত্র। প্রস্তাবিত কৌলিকসারিটি বারি আলু-৯০ (Aluettee) হিসেবে সারাদেশে চাষাবাদের নিমিত্ত সারাদেশে ছাড়করণের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে। | (৯) কারিগরি কমিটির সুপারিশকৃত কৌলিক সারিটি বারি আলু-৯০ (Aluettee) হিসেবে সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের অনুমোদন দেয়া হলো। |
| **ঞ) প্রস্তাবিত বারি আলু-৯১ (Carolus)** : প্রস্তাবিত জাতটি AGRICO Company, Netherlands হতে মেসার্স মালিক এন্ড কোম্পানি প্রাইভেট লিমিটেড কর্তৃক আমদানীকৃত জাত। জাতটি কন্দাল ফসল গবেষণা কেন্দ্র, বারি কর্তৃক নির্বাচিত। জাতটির গড় ফলন ৩২.০ মে.টন/হে. এবং চেকজাত বারি আলু-৭৭ (সার্পোমিরা)-এর গড় ফলন ২৭.০ মে.টন/হে.; জাতটির ফলন চেক জাতের চেয়ে ৫ মে.টন বেশী; জাতটি লেইট ব্লাইট রোগ প্রতিরোধী; আলুর চামড়ার রং হলুদ এবং চামড়ার উপর লাল রংয়ের শেড আছে; আলুর আকার খাটো ডিম্বাকৃতি হতে ডিম্বাকৃতি; সুপ্তিকাল ৭০-৭৫ দিন হওয়ায় জাতটির রপ্তানির উপযোগিতা রয়েছে; সাধারণ তাপমাত্রায় দুই মাসের বেশী সংরক্ষণ করা যায়। বীজ প্রত্যয়ন এজেন্সির কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস টেষ্ট সম্পাদন করা হয়েছে এবং প্রস্তাবিত জাতটি চেকজাত সার্পোমিরা থেকে ৭টি বৈশিষ্ট্যে স্বতন্ত্র। প্রস্তাবিত কৌলিকসারি বারি আলু-৯১ (Carolus) হিসেবে সারাদেশে চাষাবাদের নিমিত্ত সারাদেশে ছাড়করণের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে। | (১০) কারিগরি কমিটির সুপারিশকৃত কৌলিক সারিটি বারি আলু-৯১ (Carolus) হিসেবে সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের অনুমোদন দেয়া হলো। |

**আলোচ্য বিষয় ৭। আলুকে অনিয়ন্ত্রিত ফসল হিসেবে ঘোষণা :**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| আলু বাংলাদেশের অন্যতম অর্থকরী ফসল। দেশে বিগত কয়েক বছর থেকে প্রায় ৫ লক্ষ হেক্টর জমিতে ৯০ লক্ষ মে. টন হতে ১.১০ লক্ষ মে.টন আলু উৎপাদিত হচ্ছে। দেশে খাবার আলু হিসেবে ৬৫-৭০ লক্ষ মে. টন ব্যবহার করা হয়। বিদেশে চাহিদা থাকা সত্ত্বেও রপ্তানি উপযোগী আলুর জাত না থাকায় বছরে মাত্র ৫০-৬০ হাজার মে. টন আলু রপ্তানি হচ্ছে। ফলে চাষিরা দেশে উৎপাদিত বিপুল পরিমাণ আলুর ন্যায্যমূল্য পাচ্ছে না। এছাড়াও প্রচলিত পদ্ধতিতে জাত ছাড়করণ ও মূল্যায়নে দীর্ঘ সময় লাগে। এমতাবস্থায় রপ্তানি উপযোগী, শিল্পে ব্যবহার ও প্রক্রিয়াজাতকরণের উপযোগী আলুর জাত নিবন্ধনের স্বার্থে আলুকে পরীক্ষামূলকভাবে কয়েক বছরের জন্য অনিয়ন্ত্রিত ফসল হিসাবে ঘোষণা করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১। আলুকে আগামি তিন বছরের জন্য অনিয়ন্ত্রিত ফসল হিসাবে ঘোষণা করা হলো।<br>২। পরবর্তীতে তিন বছরের বাস্তব ফলাফল পর্যালোচনা ও মূল্যায়ন করে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করা হবে। |

পরিশেষে, সভাপতি নতুন জাত কৃষক পর্যায়ে দ্রুত সম্প্রসারণের জন্য সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানকে সমন্বিতভাবে কাজ করার উপর গুরুত্বারোপ করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/০৯/১৯

মো. নাসিরুজ্জামান
সচিব
কৃষি মন্ত্রণালয়

পরিশিষ্ট — 'খ'

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
www.moa.gov.bd

## জাতীয় বীজ বোর্ডের ১০০তম সভায় উপস্থিত বোর্ডের সদস্যদের স্বাক্ষরের তালিকা

বিষয় : জাতীয় বীজ বোর্ডের ১০০তম সভা
তারিখ : ১৯-০৯-২০১৯ খ্রি:, সময় : বেলা ০২.৩০ টায়
স্থান : সম্মেলন কক্ষ, কৃষি মন্ত্রণালয়
সভাপতি : সচিব, কৃষি মন্ত্রণালয়

| ক্র: নং | বীজ বোর্ডের সদস্যের নাম | পদবী ও প্রতিষ্ঠানের নাম | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | ড. মো: কবির ইকরামুল হক | নির্বাহী চেয়ারম্যান বি এ আর সি | 01711466424 | [স্বাক্ষর] ১৯.৯.১৯ |
| ২ | ড. মো: আবদুল মুঈদ | মহাপরিচালক ডিএই | 01716940311 | [স্বাক্ষর] ১৯.৯.১৯ |
| ৩ | ড. শেখ হারুনুর রশিদ আহমদ | সদস্য পরিচালক বিএডিসি | ০১৫৫২৮৮৬৯১১ | [স্বাক্ষর] ১৯/০৯/১৯ |
| ৪ | ড. মো: শাহজাহান কবীর | মহাপরিচালক ব্রি | 01712280083 | [স্বাক্ষর] ১৯/৯ |
| ৫ | ড. বীরেশ কুমার গোস্বামী | মহাপরিচালক বিনা | 01813158197 | [স্বাক্ষর] ১৯/০৯ |
| ৬ | ড: আবুল কালাম আযাদ | মহাপরিচালক বিএআরআই | ০১৭১৮১৭২০৮৬ | [স্বাক্ষর] ১৯.৯.২০১৯ |
| ৭ | ড. মো: আখতারুজ্জামান | পরিচালক, উদ্ভিদ সংরক্ষণ উইং ডিএই | 01718630971 | [স্বাক্ষর] |
| ৮ | ড. মো: ফরিদ উদ্দিন | নির্বাহী পরিচালক বিজেআরআই | 01711020798 | [স্বাক্ষর] |
| ৯ | বিধান কুমার ভান্ডার | পরিচালক এস আর ডি আই | 01716821631 | [স্বাক্ষর] ১৯/০৯/১৯ |
| ১০ | ড: মো: আমজাদ হোসেন | মহাপরিচালক বিএসআরআই | 01713082112 bsridg123@gmail.com | [স্বাক্ষর] ১৯/৯/১৯ |
| ১১ | ড. মো: আজিজ জিলানী চৌধুরী | সদস্য পরিচালক (শস্য) (চ.দা.) বিএআরসি | 01552355393 zilani71@gmail.com | [স্বাক্ষর] ১৯/০৯/১৯ |
| ১২ | ড. তমাল লতা আদিত্য | পরিচালক (গবেষণা) ব্রি | 01715382329 tamaladitya@yahoo.com | [স্বাক্ষর] ১৯/৯/১৯ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | ড. এ কে এম শামসুল হক | পরিচালক, কন্দাল ফসল গবেষণা কেন্দ্র, বারি, গাজীপুর। | ০১৭১১১৭৩৬১০১ hoquesamsu61@gmail.com | [signature] ১৯/৯/২০১৯ |
| ১৪ | Md. Shahjahan Ali | Advisor Bangladesh Seed Association (BSA) | 01730013391 alliedmsali@yahoo.com | [signature] 19/9/2019 |
| ১৫ | Md. Nuruzzaman | Former Member Director (Seed + Hort.) BADC. | 01711564050 | [signature] 19/9/19 |
| ১৬ | মোঃ মাহমুদ | [illegible] | ~~017~~ 01711521630 | [signature] |
| ১৭ | কমলারঞ্জন দাশ অতি: সচিব (অবসর) | [illegible] | 01712218832 krdas4@gmail.com | [signature] |
| ১৮ | [illegible] | [illegible] | 01715091096 | [signature] |
| ১৯ | [illegible] উদ্দিন আহমেদ | অতি: সচিব (বীজ উই:) কৃষি মন্ত্রণালয় | | [signature] |
| ২০ | মোঃ সায়েদুল ইসলাম | চেয়ারম্যান বিএডিসি | 01765424765 | [signature] |
| ২১ | [illegible] | পরিচালক, [illegible] | 0171221188 98 | [signature] |
| ২২ | | | | |
| ২৩ | | | | |
| ২৪ | | | | |
| ২৫ | | | | |
| ২৬ | | | | |
| ২৭ | | | | |